

২০১৯

বাংলা (স্নাতকোত্তর)

পাঠপর্যায় - ১

পাঠমালা - ১০৫

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘন্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

দক্ষিণ - প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

বিভাগ - 'ক'

যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো।

৪ X ২ = ৮

১. বিদ্যাসাগরকৃত দুটি বিতর্কমূলক গ্রন্থের নাম লেখো। বইদুটির প্রকাশকাল উল্লেখ করো।
২. প্রমথ চৌধুরীর লেখা একটি সামাজিক সমস্যামূলক গ্রন্থের নাম লেখো। বইটির বিষয়বস্তু উল্লেখ করো।
৩. 'মোপাসাঁ-চেকফ-রবীন্দ্রনাথ' রচনায় মোপাসাঁ ছাড়া আর যে দুই ফরাসী লেখকের উল্লেখ রয়েছে, তাঁদের পরিচয় দাও।
৪. 'শিক্ষা ও সংস্কৃতি' কোন বইয়ের অন্তর্ভুক্ত? রচনাকাল উল্লেখ করে মূলগ্রন্থস্থ শিরোনামটি লেখো।
৫. কমলাকান্তর আশ্রয়দাতা নসীরামবাবুর পরিচয় দাও।
৬. 'বড়বাজার' রচনায় কথক প্রথমে কীসের সন্ধানে যান? সংক্ষেপে তার অভিজ্ঞতা বর্ণনা করো।
৭. আশ্রম থেকে প্রস্থানকালে শকুন্তলার সঙ্গী হয়েছিলো কারা?
৮. শকুন্তলার জন্মবৃত্তান্ত দুয়ন্ত কার কাছ থেকে জানতে পারেন? বৃত্তান্তটি সংক্ষেপে উল্লেখ করো।

বিভাগ - 'খ'

(Page-2)

যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো।

৪ X ৪ = ১৬

১. ফোর্ট উইলিয়াম কলেজ থেকে প্রকাশিত ইতিহাসমূলক বইগুলির বিশিষ্টতা আলোচনা করো।
২. অন্নদাশঙ্কর রায়ের জটিলবাক্য রচনার কৃতিত্ব ও বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।
৩. 'বাঙ্গালার ইতিহাস' রচনায় আকবরকে কেন বাঙালির অধঃপতনের জন্যে দায়ি করা হয়েছে লেখো।
৪. মোপাসাঁ থেকে চেকফ কোথায় আলাদা উদাহরণসহ লেখো।
৫. 'মুহূর্তের জন্য যৌবন ফিরিয়া পাইলাম' - কার উক্তি? যৌবন সম্পর্কে বক্তার স্মৃতিকাতরতার পরিচয় দাও।
৬. 'স্ট্রীলোকদিগকে লৌকিক কথায় কলাগাছের সহিত তুলনা করিয়া থাকে' - লৌকিক মত বিষয়ে কমলাকান্তের অভিমত ব্যাখ্যা করো।
৭. দুয়ন্ত ও শকুন্তলার প্রথম সাক্ষাতের পরিচয় দাও।
৮. 'শকুন্তলা' আখ্যানে দুর্বাসার আগমন হয় কোন অঙ্কে? এই আখ্যানে তাঁর গুরুত্ব আলোচনা করো।

বিভাগ - 'গ'

যে কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো।

২ X ৮ = ১৬

১. বাংলা চলিত রীতির গদ্য নির্মাণে প্রমথ চৌধুরীর কৃতিত্ব আলোচনা করো।
২. কথক কমলাকান্তের চরিত্রে লেখকের ছায়া কিভাবে অনুভূত হয় আলোচনা করো।
৩. বিশ্বভারতীর ভাবনায় কেমনভাবে ভারতীয় আদর্শের প্রতিফলন ঘটেছে 'শিক্ষা ও সংস্কৃতি' অবলম্বনে আলোচনা করো।

8. 'অভিজ্ঞান শকুন্তলম্'-এর উক্তি-প্রত্যুক্তিমূলক কাহিনীকে বর্ণনামূলক আখ্যানে রূপান্তরে বিদ্যাসাগরের কৃতিত্ব আলোচনা করো।

আভ্যন্তরীণ মূল্যায়ন - ১০